Di

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.niyd.gov.bd

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর ০২ জানুয়ারি ২০২৫ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মুহম্মদ হিরুজ্জামান এনডিসি<br>মহাপরিচালক(অতিরিক্ত দায়িত্ব) জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও<br>অতিরিক্ত সচিব(প্রশাসন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। |
| তারিখ | : | ০২ জানুয়ারি ২০২৫ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | ইনস্টিটিউটের সম্মেলন কক্ষ |
| উপস্থিত অংশগ্রহণকারীগণের তালিকা | : | পরিশিষ্ট “ক” |

সভাপতি সকলকে উপস্থিতির জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় বিগত ০২ ডিসেম্বর ২০২৪ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। অত:পর সভায় নিম্নোক্ত বিষয়াদি আলোচনা করা হয় এবং তৎপ্রেক্ষিতে সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেমে তথ্য হালনাগাদকরণ:<br><br>প্রশিক্ষণপ্রাপ্তদের তথ্য এক্সেল শীট এ ডেভলপার প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করা হয়েছে। ৪৬৫১জন প্রশিক্ষণার্থীর তথ্য আপলোড করা হয়েছে। | ম্যানেজমেন্ট সিস্টেম নিয়মিত তদারক করতে হবে এবং তথ্য হালনাগাদ করতে হবে। | ১। সহকারী পরিচালক প্রশিক্ষণ)<br>২। ইন্সট্রাক্টর (আইসিটি)<br>৩। ইনস্ট্রাক্টর (ফ্যাশন ডি: এন্ড টেক:) |
| ০২ | ২০২৪-২০২৫ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন:<br><br>ল্যাব স্থাপনের নিমিত্ত বাজার যাচাই কমিটি সমূহকে তাগিদপত্র প্রদান করা হয়েছে। বাজার যাচাই কমিটি সমূহের প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে ল্যাব স্থাপনের টেন্ডার প্রক্রিয়া আরম্ভ হবে। | ক) চলমান অর্থবছরে বার্ষিক ক্রয়পরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক ও উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি:<br>২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত বিষয়সমূহ বাস্তবায়ন অগ্রগতি তথ্য (নিম্নের সারণি দ্রষ্টব্য) | ক) গবেষণা কার্যক্রম সম্পাদনের জন্য কার্যাদেশ প্রদান করতে হবে।<br>খ) যুব মতবিনিময়, যুব সমাবেশ ও যুব কর্মশালা আয়োজনের লক্ষ্যে তারিখ নিধারণ করতে হবে। | ১। রেজিস্ট্রার<br>২। পরিচালক<br>৩। উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |

| নং | বিবরণ | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | ২ সপ্তাহ থেকে ১২ সপ্তাহ মেয়াদী প্রশিক্ষণ | ১৩১০ জন | ২৯৩ জন |
| ২ | গবেষণা সম্পাদন | ২টি | ০৪-১১-২০২৪ তারিখ EOI গ্রহণ করা হয়েছে এবং সংক্ষিপ্ত তালিকা অনুযায়ী RFP প্রেরণ করা হবে। |
| ৩ | ডিপ্লোমা কোর্স:<br>বিজ্ঞপ্তি প্রকাশ<br>শিক্ষার্থী ভর্তি<br>কোর্স সম্পাদন | ১১০জন<br>১১.০৭.২০২৪<br>১০.০৯.২০২৪<br>০৬.০৩.২০২৫ | ৯২ জন |

| নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৪ | তথ্য অধিকার আইন ও সংশ্লিষ্ট বিষয়সমূহ :<br><br>ডিসেম্বর ২০২৪ মাসে তথ্য অধিকার আইন, ২০০৯ এ কোন আবেদন পাওয়া যায়নি। | তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ক কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে। | ১। তথ্য প্রদানকারী কর্মকর্তা<br>২। বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা |
| ০৫ | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা:<br><br>ডিসেম্বর ২০২৪ মাসে অভিযোগ প্রতিকার সিস্টেমে ১টি অভিযোগ পাওয়া যায়। | প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে অভিযোগের বিষয়ে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য উপপরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা) নির্দেশনা প্রদান করা হয়েছে। | উপপরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা) |
| ০৬ | জাতীয় শুদ্ধাচার কৌশল পত্র সংশ্লিষ্ট বিষয়সমূহ:<br><br>জাতীয় শুদ্ধাচার কৌশলপত্র সংশ্লিষ্ট বিষয়সমূহ যথাযথভাবে প্রতিপালন করা হয়। | পূর্বের ন্যায় কার্যক্রম চলমান রাখতে হবে। | সংশ্লিষ্ট সকল |

| নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৭ | <u>সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার):</u><br><br>ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি(সিটিজেন চার্টার) সংক্রান্ত তথ্য প্রতিষ্ঠানের সেবা বক্সে নিয়মিত আপলোড করা হয়। | পূর্বের ন্যায় কার্যক্রম চলমান রাখতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৮ | <u>ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কার্যক্রম:</u><br><br>বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কার্যক্রম পরিচালনা করা হয়। | পূর্বের ন্যায় কার্যক্রম চলমান রাখতে হবে। | রেজিস্ট্রার |
| ০৯ | <u>প্রকাশনা শাখার নিয়মিত কার্যক্রম :</u><br><br>মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ২০২৩-২০২৪ অর্থবছরে বার্ষিক প্রতিবেদন ১৫ অক্টোবর ২০২৪ তারিখ সেবাবক্সে আপলোড করা হয়েছে। | পূর্বের ন্যায় কার্যক্রম চলমান রাখতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১০ | <u>অকেজো মালামাল নিষ্পত্তিকরণ ও বিনষ্টকরণ:</u><br><br>ইনস্টিটিউটের অকেজো মালামাল নিষ্পত্তিকরণ ও বিনষ্টকরণ বিষয়ে গঠিত কমিটি খসড়া প্রতিবেদন প্রস্তুত করেছে। | ইনস্টিটিউটের নতুন মহাপরিচালকের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক |
| ১১ | <u>ডি নথি:</u><br>ইনস্টিটিউটে ডি নথি কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে: | পূর্বের ন্যায় কার্যক্রম চলমান রাখতে হবে। | পরিচালক/উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ১২ | ইনস্টিটিউটে পুরুষ হোস্টেল, মহিলা হোস্টেলসহ অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে বিদ্যমান সিসিটিভি ক্যামেরার স্টোরেজ সংক্রান্ত সক্ষমতা বৃদ্ধি ও নতুন সিসিটিভি স্থাপনে লক্ষ্যে তিন সদস্য বিশিষ্ট কমিটি প্রতিবেদন দাখিল করেছে। | নতুন মহাপরিচালকের নির্দেশনা মোতাবেক ক্রয় পরিকল্পনা অনুসরণ পূর্বক সিসিটিভি ক্যামেরা স্থাপনের ব্যবস্থা করতে হবে। | পরিচালক/ উপপরিচালক (প্রশা: ও অর্থ) |
| ১৩ | <u>ইনস্টিটিউটের যানবাহন বিষয়ক আলোচনা:</u><br><br>ইনস্টিটিউটের ৩টি গাড়ী নং ঢাকা চ-৫১-০০৩৪, ঢাকা মেট্রো ঘ-১১-১৭১ এবং ঢাকা মেট্রো- চ-৫৬-০৯৩৪ যানবাহনসমূহ টিওএন্ডই-তে অন্তর্ভূক্ত নেই। এসব যানবাহন যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন ২টি সমাপ্ত প্রকল্পের অধীন ছিল। কিন্তু জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন-২০১৮'- ধারা ২৭ এর উপধারা ৩(ক) অনুযায়ী জাতীয় যুব কেন্দ্রের সকল স্থাবর/অস্থাবর সম্পত্তি ইনস্টিটিউটের সম্পত্তি হিসেবে গণ্য করা হয়। তৎপ্রেক্ষিতে যানবাহনসমূহ ইনস্টিটিউটের সম্পত্তি হিসেবে বিবেচ্য। | ব্যবহৃত যানবাহন সমুহ TO&E তে অন্তর্ভূক্তকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক/ উপপরিচালক (প্রশা: ও অর্থ) |
| ১৪ | <u>আবাসিক বাসা মেরামত:</u><br><br>কর্মকর্তা কর্মচারীদের নামে বরাদ্দকৃত বাসা মেরামতের জন্য আবেদন পাওয়া যায়। | ইনস্টিটিউটের নতুন মহাপরিচালকের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক/ উপপরিচালক (প্রশা: ও অর্থ) |
| | <u>আলোচনা:</u><br>ক) জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের কর্মকর্তা/কর্মচারী চাকুরী বিধিমালা প্রস্তুত করা প্রয়োজন।<br><br>খ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়েল সিদ্ধান্ত মোতাবেক প্রশিক্ষণ ও গবেষণা নীতিমালা বাস্তবায়ন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | ইনস্টিটিউটের নতুন মহাপরিচালকের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করতে হবে। | |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মুহম্মদ হিরুজ্জামান এনডিসি
মহাপরিচালক(অতিরিক্ত দায়িত্ব)
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
ও
অতিরিক্ত সচিব(প্রশাসন),
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
ফোন:০২-২২৪৪২৬০৩০